দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR 2 6 2000 ... পৃষ্ঠা ৬ ... কলাম ৩ ...

*এমআর খান*
১৪/এ/৫৬ বাসাবো, ঢাকা-১২১৪

## জমজমাট জুয়া খেলার আসর ॥ জুয়াড়িপুলিশ চ্যানেল

আমরা কক্সবাজার শহরের নতুন বাহারছড়ার বাসিন্দা। নতুন বাহারছড়ার পশ্চিমে কেজি স্কুলের দক্ষিণ পাশের রাস্তায় (রিক্সার গ্যারেজ সংলগ্ন) চলছে জমজমাট বিরাট জুয়ার আসর। স্থানীয় কিছু প্রভাবশালীর সহযোগিতায় উক্ত জুয়া খেলা চলছে, যা ছয় ঘুঁটি নামে পরিচিত। এই জুয়া খেলায় প্রতিদিন হাজার হাজার টাকার লেনদেন চলে। জুয়াড়িদের খপ্পরে পড়ে লোকজন টাকাপয়সা, হাতের ঘড়ি থেকে স্বর্ণের চেন পর্যন্ত হারাচ্ছে। আবার এই জুয়া খেলাকে ঘিরে হেরোইন-ফেন্সিডিলের লেনদেনও চলে। বখাটেদের আড্ডাও চলে। রাতে জুয়াড়ি ও নেশাখোরদের স্বর্গরাজ্যে পরিণত হয় এলাকাটি। কক্সবাজার শহরে এত বড় জুয়ার আসর দ্বিতীয়টি নেই। পুলিশের ক্ষুদ্র একটা অংশ বিবেক বন্ধক রেখে চাঁদা নিয়ে তাদের পরোক্ষভাবে সহযোগিতা করে। এভাবে আর কত দিন? দেশের আইন কি এদের কাছে ব্যর্থ? এটা কি ধর্ম-রাষ্ট্রবিরোধী নয়? অবিলম্বে জুয়া খেলার ঘুঁটি উদ্ধার ও জুয়াড়িদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার জন্য পুলিশ প্রশাসনের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু ও কার্যকর পদক্ষেপের দাবি জানাচ্ছি।

*মিছবাহুল করিম*
কক্সবাজার।